

36518 - কুরবানীর পশু জবাই করার সময় নিয়ত উচ্চারণ করা

প্রশ্ন

নিয়ত উচ্চারণ করা কি জায়েয? উদাহরণতঃ আমি যদি আমার মৃত পিতার পক্ষ থেকে কুরবানীর পশু জবাই করতে চাই আমি বলব: 'হে আল্লাহ্! আমার পিতা অমুকের কুরবানী'; নাকি নিয়ত উচ্চারণ না করেই কাজটি করে ফেলব এবং এটাই যথেষ্ট?

প্রিয় উত্তর

নিয়তের স্থান হচ্ছে— অন্তরে। অন্তরে যা উদ্দেশ্য করা হয়েছে সেটাই যথেষ্ট; নিয়ত উচ্চারণ করবে না। তার উচিত হল: জবাই করার সময় তাসমিয়া (বিসমিল্লাহ্) বলা ও তাকবীর (আল্লাহ্ আকবার) বলা। যেহেতু সহিহ বুখারী ও সহিহ মুসলিমে আনাস (রাঃ) থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেন: "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুটো ভেড়া দিয়ে কুরবানী করেছেন। দুটোকে তিনি নিজ হাতে জবাই করেছেন; বিসমিল্লাহ্ বলেছেন এবং তাকবীর বলেছেন।"[সহিহ বুখারী (৭/১৩০, হাদিস নং ৫৫৫৪) ও সহিহ মুসলিম (৩/১৫৫৬, হাদিস নং ১৯৬৬) ও মুসনাদে আহমাদ (৩/১১৫)]

তবে "হে আল্লাহ্! এটি আমার বাবার কুরবানী" এই কথা বলতে কোন বাধা নেই। এটি নিয়ত উচ্চারণ করা নয়।

আল্লাহ্ই তাওফিকদাতা।